রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ১৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২১, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২০১—২০৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৮৯—৩১৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৭—৮৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৫৯—৪৭৩ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ, ১৪২৮/০৬ ডিসেম্বর, ২০২১

**নং ৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১২.২০-১৩৯**—জনাব মোঃ আজবাহার আলী শেখ পিপিএম (বিপি-৮০০৫১০৪৬৫১), উপ-পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট হিসেবে কর্মকালীন এসএমপি, সিলেটের কোতোয়ালী থানার অন্তর্গত বন্দরবাজার পুলিশ ফাঁড়িতে জনৈক রায়হান আহমেদকে শারীরিক নির্যাতনে মৃত্যুর ঘটনায় জড়িত এসআই (নিঃ) আকবর হোসেন ভূঁইয়াসহ অন্যান্যদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণে দায়িত্বে অবহেলার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় গত ২৫-০৫-২০২১ খ্রিঃ তারিখের ৪৬ নং স্মারকমূলে তাকে কারণ দর্শাতে বলা হয়। তিনি গত ০১-০৭-২০২১ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন জানান। তদ্‌প্রেক্ষিতে গত ২২-১১-২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

০২। জনাব মোঃ আজবাহার আলী শেখ পিপিএম (বিপি-৮০০৫১০৪৬৫১), উপ-পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট-এর বিরুদ্ধে শুনানিকালে আনীত অভিযোগ, কারণ দর্শানোর আলোকে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত ''অসদাচরণ (Misconduct)'' এর অভিযোগে একই বিধিমালার ৪-এর (২)(ক) অনুযায়ী ''তিরস্কার'' দণ্ড প্রদান করা হলো। একইসাথে ভবিষ্যতে সরকারি কাজে তাকে আরও সতর্কতার সাথে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ অগ্রহায়ণ, ১৪২৮/০৫ ডিসেম্বর, ২০২১

**নং ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৭.২০২০-১১৭**—যেহেতু, আপনি জনাব রতন কুমার নাথ, সহকারী পরিচালক (পিএন-২৮০৭), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, রাঙ্গামাটি ৩১-০৩-২০১৯ খ্রিঃ তারিখ হতে ০৯-০৫-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন;

যেহেতু, আপনি গত ১৪-০২-২০২০ খ্রিঃ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকেই কর্মস্থল ত্যাগ করেন এবং অধিদপ্তরের ৩০-১২-২০১৯ তারিখের অফিস আদেশের নির্দেশনা অমান্য করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, আপনার নিয়ন্ত্রণাধীন এলাকা রাঙ্গামাটি লেকে নিমজ্জিত যাত্রীবাহী ট্যুরিষ্ট বোট উদ্ধার কাজে অংশগ্রহণ করতে ব্যর্থ হন;

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা ০৬/২০২০/ফায়ার রুজু করা হয় এবং ৩০-০৭-২০২০ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৭. ২০২০. ৪৯ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণ করা হয়। আপনি জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ০২-১২-২০২০ খ্রিঃ তারিখে শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২) (ঘ) এর বিধিমতে তদন্তের জন্য মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২৮-০৪-২০২১ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্রাদি, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' অভিযোগটি প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী চাকুরি থেকে বরখাস্তকরণ এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, গত ০৮-০৮-২০২১ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় গুরুদণ্ড আরোপের পূর্ব সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭(১০) বিধি মোতাবেক গত ০৫-১০-২০২১ খ্রিঃ তারিখে সরকারি চাকুরি হতে বরখাস্তকরণ এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব রতন কুমার নাথ-কে 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জনাব রতন কুমার নাথ (পিএন-২৮০৭), সহকারী পরিচালক, কুষ্টিয়া-কে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**
**শৃঙ্খলা-০১ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮/১০ নভেম্বর ২০২১

**নং ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৩.২০.১৭৩**—যেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের সাবেক জেলার জনাব এ.জি. মাহমুদ (বর্তমানে জেলার, ভোলা জেলা কারাগার, ভোলায় কর্মরত) এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অপরাধে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা ০৩/২০২০ রুজুপূর্বক এ বিভাগের ২৭-০২-২০২০ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৩.২০.৩১ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তিনি ১৬-০৩-২০২০ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, গত ১২-০৮-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, উভয় পক্ষের বক্তব্য, নথিতে রক্ষিত কাগজপত্রের আলোকে মামলায় অগ্রসর হওয়ার প্রয়োজন বিধায় জনাব মুহাম্মদ আবদুর রঊফ মিয়া, উপসচিব-কে গত ০২-০৩-২০২১ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ১২-০৯-২০২১ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এ.জি. মাহমুদ, জেলার এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং উপস্থাপিত নথিপত্র পর্যালোচনায় জনাব এ.জি. মাহমুদ এর বিরুদ্ধে আনীত ক্যান্টিন পরিচালনায় অনিয়ম এবং পিসি কার্ডে পণ্য সামগ্রীর দাম ও পরিমাণে যথাযথভাবে উল্লেখ না করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

সেহেতু, জনাব এ.জি. মাহমুদ, জেলার এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল ) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(২) এর (ঘ) বিধি মোতাবেক ''বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

---

**বহিরাগমন-২**

**পরিপত্র**

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮ বঃ/০৬ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

বিষয় : **ভুটানের ছাত্র-ছাত্রীদের বাংলাদেশে বহুভ্রমণের ভিসা প্রদান।**

সূত্র : **পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র সংখ্যা-১৯.০০.০০০.৪১১.৭৭.৭৬২. ২১.৭৬১; তারিখ: ১৪-০৭-২০২১।**

নং ৫৮.০০.০০০০.০৪১.২৪.০১৩.১২.১১৮৮—বাংলাদেশ সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য ভুটানের ছাত্র-ছাত্রীদের কোর্সের মেয়াদকালের জন্য (পাসপোর্টের মেয়াদ থাকা শর্তে) বাংলাদেশে বহুভ্রমণের ভিসা প্রদান করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শাহরিয়াজ,** পিএএ
যুগ্মসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮ বঃ/০৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৭.১৯-৪৪৪**— যেহেতু, ডা. মোঃ মনজুরুল হক (৪২৩১২), জুনিয়র কনসালটেন্ট (গাইনি), ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার তার প্রাক্তন কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালীতে কর্মরত থাকাকালে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য উপজেলায় গিয়ে একটি বেসরকারি ক্লিনিকে একজন প্রসূতি রোগীর অপারেশন করেন; অপারেশনের পূর্বে রোগীর সঠিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করেননি; প্রি-অ্যানেসথেটিক চেক-আপ করেননি; নিজেই স্পাইনাল অ্যানেসথেশিয়া দিয়ে অপারেশন শুরু করেন এবং তার গাফিলতির কারণে রোগী মারা যায় মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, স্থানীয় স্বাস্থ্য বিভাগের তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখের ৫৪৯ নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলায় কারণ-দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি এবং তিনি ব্যক্তিগত শুনানি চাননি;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য উপর্যুক্ত বিধিমালার বিধি ৭(৩) অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের পক্ষ থেকে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়;

যেহেতু, উক্ত কমিটি সরেজমিন তদন্তের পর তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হলে কমিশন উক্ত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে; এবং

যেহেতু, উক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, সরকারি কর্মচারী ((শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) (ঘ) মোতাবেক ডা. মোঃ মনজুরুল হক-কে এ আদেশ জারির তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৮/২৪ নভেম্বর ২০২১

**নং ৪৭.০০.০০০০.০৩২.০৬.০৮৬.১৬-৫৩৪**—খুলনা জেলাধীন পাইকগাছা উপজেলার ষোলআনা ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন না হওয়ায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের প্রস্তাব মোতাবেক জনস্বার্থে সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২

ও ২০১৩) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে একই আইনের ১৮(৫) ধারার বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করে কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হতে ০৩ (তিন) মাস অর্থাৎ ০৩-০২-২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

**নং ৪৭.০০.০০০০.০৩২.০৬.০৮৬.১৬-৫৩৫**—বাংলাদেশ জুডিশিয়াল অফিসার্স বহুমুখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন না হওয়ায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের প্রস্তাব মোতাবেক জনস্বার্থে সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ এবং ২০১৩) এর ৪ ধারার ক্ষমতাবলে একই আইনের ধারা ১৮(৭) এর বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করে বিদ্যমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন অর্থাৎ ০৯-০১-২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিদ্ধার্থ শংকর কুন্ডু**
উপসচিব (সমবায়, প্রশাসন)।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ নভেম্বর ২০২১ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৮৫.১১.৫৩.২০১৮-৬৮১**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(ঝ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব দীপ আজাদ, মহাসচিব, বিএফইউজে-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন-কে বিএফইউজে-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি ঢাকা ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য জনাব শাবান মাহমুদ এর স্থলাভিষিক্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাঈদ-উর-রহমান**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ নভেম্বর ২০২১ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৮৫.১১.৫৩.২০১৮-৭১০**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(খ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ড. ফারহিনা আহমেদ (৫৭৬৪), অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-কে অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি ঢাকা ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য বেগম সেলিনা আখতার এর স্থলাভিষিক্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাঈদ-উর-রহমান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৮৫.১১.০৪.২০১৮-৭৩০**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(খ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব হাসান খালেদ ফয়সাল যুগ্ম সচিব, অর্থ বিভাগ-কে অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি চট্টগ্রাম ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য জনাব সত্যজিত কর্মকার, সাবেক অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ এর স্থলাভিষিক্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাঈদ-উর-রহমান**
উপসচিব।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৮/২৪ নভেম্বর ২০২১

**নং ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(২)-২৪১৫**—কুড়িগ্রাম ও মুন্সীগঞ্জ জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্যগণ

স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে;

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুস ছালাম, সদস্য, ওয়ার্ড নং-০৯, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২২ নভেম্বর ২০২১ |
| ২. | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-১১, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২২ নভেম্বর ২০২১ |
| ৩. | জনাব মোঃ আব্দুল বাতেন, সদস্য, ওয়ার্ড নং-১২, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২২ নভেম্বর ২০২১ |
| ৪. | জনাব মোঃ মেহেদী হাসান, সদস্য, ওয়ার্ড নং-০৭, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ | ২৩ নভেম্বর ২০২১ |

০২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব-স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম মিজানুর রহমান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮/২৫ নভেম্বর ২০২১

**নং ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(অংশ-১)-২৪৩৮—**নেত্রকোণা, শরীয়তপুর, রাজশাহী, কুষ্টিয়া, বরিশাল, ও চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব গোলাম আবু ইছহাক, সদস্য, ওয়ার্ড নং-১১, জেলা পরিষদ,নেত্রকোণা | ০৪ নভেম্বর ২০২১ |
| ২. | জনাব মোঃ এনায়েত উল্লাহ মুন্সী, সদস্য, ওয়ার্ড নং-০৬, জেলা পরিষদ, শরীয়তপুর | ১১ নভেম্বর ২০২১ |
| ৩. | জনাব নুর মোহাম্মদ, সদস্য, ওয়ার্ড নং-১৫, জেলা পরিষদ, রাজশাহী | ১৪ নভেম্বর ২০২১ |
| ৪. | জনাব গাজী হাসান তারেক বিপ্লব, সদস্য, ওয়ার্ড নং-১১, জেলা পরিষদ, কুষ্টিয়া | ১১ নভেম্বর ২০২১ |
| ৫. | জনাব মোঃ আওরঙ্গজেব, সদস্য, ওয়ার্ড নং-০৬, জেলা পরিষদ, বরিশাল | ৩১ অক্টোবর ২০২১ |
| ৬. | জনাব মোঃ পিয়ার জাহান, সদস্য, ওয়ার্ড নং-০১, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ | ১৪ নভেম্বর ২০২১ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব-স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮/২৯ নভেম্বর ২০২১

**নং ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(অংশ-১)-২৪৫৩—**কুড়িগ্রাম ও মুন্সীগঞ্জ জেলা পরিষদের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে;

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুস ছালাম সদস্য, ওয়ার্ড নং-০৯, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২২ নভেম্বর ২০২১ |
| ২. | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-১১, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২২ নভেম্বর ২০২১ |
| ৩. | জনাব মোঃ আব্দুল বাতেন সদস্য, ওয়ার্ড নং-১২, জেলা পরিষদ, কুড়িগ্রাম | ২২ নভেম্বর ২০২১ |
| ৪. | জনাব মোঃ মেহেদী হাসান সদস্য, ওয়ার্ড নং-০৭, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ | ২৩ নভেম্বর ২০২১ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব-স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদসমূহ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী**
উপসচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-১ অধিশাখা**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ: ২ ফেব্রুয়ারি ২০২২

**নং ২৬.০০.০০০০.১০০.৪২.০২৯.২০-২০**—এতদ্বারা, রপ্তানি নীতি ২০১৮-২০২১ এর অনুচ্ছেদ ৮.১২ অনুসারে **'আইসিটি পণ্য ও সেবা'** কে **'বর্ষ পণ্য-২০২২** (Product of the Year-2022)' ঘোষণা করা হলো।

**নাজনীন পারভীন**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.২০১৮-২৭**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে খাগড়াছড়ি পার্বত্য জেলার লক্ষীছড়ি উপজেলাধীন লক্ষীছড়ি কলেজ ১৮ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রনি চাকমা**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৯ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০৪০.২০১৭-১০৬**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন শেখ রাসেল ডিগ্রি কলেজ ০৭ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাশেদুল ইসলাম**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৪ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৪৪/৮১-৭৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মওদুদ হাসান, জন্ম তারিখ : ০১-০৬-১৯৮৫ খ্রি., পিতা-মোঃ আব্দুল আউয়াল, মাতা-মাছিমা বিলকিছ, গ্রাম-সূতী পলাশ, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-সূতী, উপজেলা-গোপালপুর, জেলা-টাঙ্গাইল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার গোপালপুর পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১)৮০**—The Survery Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার ০১টি এবং ঢাকা জেলার দোহার উপজেলার ০২টিসহ মোট ৩টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল:

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | জমির পরিমাণ (একর) | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১. | শ্রীপুর | ৪৩ | ৩৫৮১.৭৬ | শ্রীপুর | গাজীপুর |
| ২. | পশ্চিম পাথরাইল | ১০ | ৩১৪.৪২ | দোহার | ঢাকা |
| ৩. | পূর্ব পাথরাইল | ১১ | ৮৬৯.৫০ | দোহার | ঢাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তানিয়া আফরোজ**
সিনিয়র সহকারী সচিব।